Total number of printed pages – 7

22 BEN2(iii)/18

# 2018

# BENGALI

## (Modern Indian Language)

**Full Marks : 100**

**Pass Marks : 33**

**Time : Three hours**

*All questions are compulsory.*

*Marks are indicated against each question.*

## UNIT – I (Prose)

### 'ক' গুচ্ছ ঃ (গদ্যাংশ)

১, ২ ও ৩ নম্বর প্রশ্নের প্রত্যেকটির তিনটি করে উত্তর দেওয়া আছে — ক, খ, গ । প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লিখ ।

১। যার দ্বারা নিশ্চয় জ্ঞান হয় অর্থাৎ বিশ্বাস উৎপন্ন হয় তার নাম — ১

(ক) চার্বাক দর্শন

(খ) সাংখ্য দর্শন

(গ) প্রমাণ

২। ১৯৭৯ সনে রাষ্ট্রীয় শিক্ষা এবং গবেষণা পরিষদ কত প্রকার মূল্যবোধের তালিকা প্রস্তুত করেছে ? ১

(ক) তিরাশি প্রকার

(খ) চুরাশি প্রকার

(গ) পঁচাশি প্রকার

P.T.O.

৩। মজুমদার বংশের বড়কর্তার নাম — ১

(ক) গুরুচরণ

(খ) হরিচরণ

(গ) মধুচরণ

৪। 'আমি যদি নেপোলিয়ান হইতাম, ওয়াটার্লু জিতিতে পারিতাম কি না,' — ওয়াটার্লু গ্রামটি কোন দেশের অন্তর্গত ? ১

৫। 'দ্বিধাবিভক্ত ভদ্রাসনের এক অংশে রহিল হরিচরণ ও অপর অংশে রহিলেন গুরুচরণ ।' — 'ভদ্রাসন' শব্দের অর্থ কী ? ১

৬। 'পল্টুকে উভয়ে ভালবাসিতেন ।' — পল্টু কার ছেলে ? ১

৭। 'স্টেনলি হলের মতে এই সময়টি জীবনের জটিলতম এবং সংকটপূর্ণ সময় ।' কোন সময়টি জীবনের জটিলতম এবং সংকটপূর্ণ সময় ? ১

৮। তিনি ব্ল্যাক আর্ট নামক ম্যাজিক দেখে এসে বললেন, — 'ব্ল্যাক আর্ট' কী ? ২

৯। মূল্যবোধের অবক্ষয়ের জন্য আজকের প্রজন্মের তরুণ তরুণীদের মধ্যে কী সমস্যার সৃষ্টি হচ্ছে ? ২

১০। মাধ্যমিক শিক্ষাস্তরে নানা ধরণের সহপাঠ্য ক্রমিক বিষয়গুলির মাধ্যমে কিশোর কিশোরীদের কী ধরণের বিকাশ ঘটানো সম্ভব ? ২

১১। 'গুরুচরণ কৃষ্ণনগর হইতে বাড়ি ফিরিয়া দেখিলেন' — গুরুচরণ বাড়ি ফিরে এসে কী দেখেছিলেন ? ৩

১২। আদালতের বিচারক কী ভাবে ত্রিবিধ প্রমাণ অবলম্বন করেন ? ৩

১৩। সামাজিক মূল্যবোধের পরিচয় দাও । ৩

১৪। কৈশোরকালে সংঘটিত বৌদ্ধিক বিকাশের পরিচয় দাও । ৩

১৫। 'বিড়াল' প্রবন্ধে ধনীদের মনোভাব সম্বন্ধে কী বলা হয়েছে ? ৫

## UNIT – II (Poetry)

'খ' গুচ্ছ ঃ (পদ্যাংশ)

১৬ ও ১৭ নম্বর প্রশ্নের প্রত্যেকটির তিনটি করে উত্তর দেওয়া আছে — ক, খ, গ। প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লিখ।

১৬। 'কনফুসিয়াস ? চার্বাক চেলা ? বলে যাও, বলো আরো !'—কনফুসিয়াস ১

(ক) চিন দেশের দার্শনিক

(খ) জাপান দেশের দার্শনিক

(গ) গ্রিস দেশের দার্শনিক

১৭। 'মধুকর ডিঙা থেকে না জানি সে কবে চাঁদ চম্পার কাছে' — চাঁদ সওদাগর ১

(ক) চণ্ডীমঙ্গল কাব্যের নায়ক

(খ) মনসামঙ্গল কাব্যের নায়ক

(গ) ধর্মমঙ্গল কাব্যের নায়ক

১৮। শূন্যস্থান পূর্ণ কর ঃ ১

'মানুষের _______ বঞ্চিত করেছ যারে।'

১৯। 'বেহুলাও একদিন গাঙুরের জলে ভেলা নিয়ে'— বেহুলা কার কন্যা ? ১

২০। 'কালো ন'তের কালি দিয়েই কেতাব কোরান লেখি !'—কোরান কোন ধর্মের মূল শাস্ত্র গ্রন্থ ? ১

২১। 'জেন্দাবেস্তা-গ্রন্থসাহেব প'ড়ে যাও, যত সখ —' গ্রন্থসাহেব কাদের প্রসিদ্ধ ধর্মগ্রন্থ ? কে এই গ্রন্থ সংকলন করেন ? ২

২২। 'ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়' — কে কেন ইন্দ্রের সভায় নেচেছিল ? ২

২৩। 'কালো চোখের তারা দিয়েই সকল ধরা দেখি' — অর্থ বিশ্লেষণ কর। ২

২৪। 'হে মোর দুর্ভাগা দেশ'— কবি কেন নিজের দেশকে দুর্ভাগা বলেছেন ? ৩

২৫। 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটি একটি উৎকৃষ্ট সনেট। — সনেট কী ? ৩

২৬। 'রঙ পেলে ভাই গড়তে পারি রামধনুকের হার'। টীকা লিখ — রামধনুক ৩

২৭। 'সাম্যবাদী' কবিতাটির মূল বক্তব্য তোমার নিজের ভাষায় লিখ। ৫

## UNIT – III (Reading)

### 'গ' গুচ্ছ ঃ (পঠন)

২৮। নিম্নোক্ত রচনাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির উত্তর লিখ ঃ

ধ্বনি সমষ্টির লেখ্য রূপকে লিপি বা হরফ বলে। ভারতবর্ষের সুপ্রাচীন একটি লিপির নাম ব্রাহ্মী লিপি। ভারতবর্ষে পরবর্তী সময়ে যে সব লিপির উদ্ভব হয়েছে সেগুলির প্রত্যেকটির মূলে আছে ব্রাহ্মী লিপি। বাংলা লিপির ক্ষেত্রেও এর ব্যতিক্রম ঘটেনি। পণ্ডিতদের মতে, ব্রাহ্মী লিপি থেকে বাংলা লিপির উদ্ভবের মাঝখানে তিনটি স্তর আছে। প্রথমে অশোকের যুগের ব্রাহ্মী লিপি, এর পরের স্তরে কুষাণ যুগের লিপি, তার পরের স্তরে গুপ্ত যুগের লিপি। তৃতীয় স্তর থেকে আরও কিছুটা বিবর্তিত হয়ে বাংলা লিপির উদ্ভব হয়। ব্রাহ্মী থেকে ভারতবর্ষে তিন ধরণের লিপির উদ্ভব ঘটেছিল। সেগুলি হল — পশ্চিমা লিপি, মধ্য ভারতের লিপি ও পূর্বী লিপি। বাংলা লিপি পূর্বী লিপির রূপান্তর। এলাহাবাদ স্তম্ভে হরিষেণ রচিত সম্রাট সমুদ্রগুপ্তের প্রশস্তি লেখা হয়েছে পূর্বী লিপিতে। বাঁকুড়া জেলার শুশুনিয়া পাহাড়ে প্রাপ্ত প্রস্তর লিপিটিও গুপ্তযুগের হরফে লেখা। এটির সময়কাল খ্রিস্টীয় চতুর্থ বা পঞ্চম শতক। রাজা সিংহবর্মার পুত্র রাজা চন্দ্রবর্মার নির্দেশে শুশুনিয়া পাহাড়ে প্রস্তরলিপিটি লেখা হয়েছিল। পাহাড়পুরে প্রাপ্ত একটি তাম্রশাসন, রাজশাহী ও দিনাজপুর জেলায় প্রাপ্ত কুমারগুপ্তের তাম্রশাসনের লিপি বিচার করে সিদ্ধান্ত করা হয়েছে এগুলি খ্রিস্টীয় অষ্টম শতাব্দীতে লিখিত হয়েছিল। প্রথম মহীপালের বাণগড় তাম্রশাসনে বাংলা হরফ অনেকটা স্পষ্ট রূপ লাভ করেছে। এতে অ, উ, ক, খ, গ, ধ, ন, ম, ল প্রভৃতির রূপ প্রায় বাংলা লিপির মত। দ্বাদশ–ত্রয়োদশ শতাব্দীর মধ্যে বাংলা লিপি মোটামুটি পরিণতি লাভ করেছে বলা যায়।

(ক) লিপি বা হরফ কাকে বলে ? ১

(খ) ভারতবর্ষের সুপ্রাচীন একটি লিপির নাম কী ? ১

(গ) ব্রাহ্মী লিপি থেকে বাংলা লিপির উদ্ভবের মধ্যবর্তী স্তরগুলি কী কী ? ২

(ঘ) পূর্বী লিপির নিদর্শন কোথায় আছে ? ১

(ঙ) প্রথম মহীপালের বাণগড় তাম্রশাসনে কোন কোন বাংলা হরফ অনেকটা স্পষ্ট রূপ লাভ করেছে ? ২

২৯। নিম্নোক্ত রচনাংশটি পড়ে টীকা রচনা কর ঃ ৩

গঙ্গানদীর সঙ্গে ভারতীয় সভ্যতার সম্পর্ক অবিচ্ছেদ্য। গঙ্গাতীরেই ভারত–সভ্যতার প্রথম প্রকাশ। গঙ্গাতটেই ভারতীয় ধর্মের সূচনা। গঙ্গার অববাহিকায় গড়ে উঠেছিল মন্দির ও জনপদ। গঙ্গাবিধৌত ভূমি বহু কোটি ভারতবাসীকে আহার্য যুগিয়ে চলেছে। এই নদীর ধারা শুকিয়ে গেলে বহু জনপদ ও নগরের জীবন বিপন্ন হয়ে পড়বে। গতিশীল গঙ্গা ভারতের জীবনপ্রবাহ।

## UNIT – IV (Writing)

### 'ঘ' গুচ্ছ ঃ (লিখন)

৩০। নন্দীপুর গ্রামের পরিবেশ স্বচ্ছ রাখার জন্য জনসাধারণের কী করণীয় — এ বিষয়ে আলোচনার জন্য আগামী রবিবার সকাল ১০টায় নন্দীপুর স্কুলে একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় গ্রামবাসীদের উপস্থিত হওয়ার অনুরোধ জানিয়ে একটি বিজ্ঞপ্তি রচনা কর। ২

অথবা

অরণ্য সম্পদ সংরক্ষণের উপযোগিতা সম্পর্কে দু'লাইনের একটি বিজ্ঞাপন রচনা কর।

৩১। নর্থ ইষ্ট হায়ার সেকেণ্ডারি স্কুলে ৫ই জুন পরিবেশ দিবস পালিত হয়েছে। নিম্নে উল্লিখিত সূত্র অনুসরণে এই অনুষ্ঠানের একটি প্রতিবেদন রচনা কর। ৩

সকাল ১১টায় অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্কুলের অধ্যক্ষ — তিনি পরিবেশ দিবসের তাৎপর্য ব্যাখ্যা করেন — স্কুলে ৫০টি চারাগাছ রোপণ করা হয়।

অথবা

আনন্দপুর স্কুলের বার্ষিক পত্রিকা প্রকাশ উপলক্ষে গতকাল একটি অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। নিম্নে প্রদত্ত সূত্রের সমাহারে সেই অনুষ্ঠানের একটি প্রতিবেদন রচনা কর।

পত্রিকার নাম — স্কুলের অধ্যক্ষ পত্রিকাটি প্রকাশ করে ছাত্রছাত্রীদের লেখালিখির উপর গুরুত্ব আরোপ করেন — দু'একজন ছাত্র এই উপলক্ষে বক্তৃতা দেয়।

৩২। প্রবল ঘূর্ণিঝড়ে তোমার বসতি এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। গৃহহীন মানুষের অসহায় অবস্থা বর্ণনা করে সরকারি সাহায্যের জন্য জেলা শাসকের নিকট একটি চিঠি লেখ। ৮

৩৩। যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর। ১২

(ক) জাতির জনক মহাত্মা গান্ধী

(খ) তোমার প্রিয় গ্রন্থ

(গ) সমাজ জীবনে দূরদর্শনের প্রভাব

(ঘ) জাতীয় সংহতি

## UNIT – V (Functional Grammar)

### 'ঙ' গুচ্ছ : (ব্যবহারিক ব্যাকরণ)

৩৪। যে বাক্যাংশ দ্বারা সমস্তপদ বিশ্লেষণ করে সমাসের অর্থ ব্যাখ্যা করা হয় তাকে কী বলে ? ১

৩৫। যে সমাসে পূর্বপদ পরপদের বিশেষণ রূপে অবস্থান করে এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয় তাকে কী সমাস বলে ? ১

৩৬। চাঁদের মত মুখ যার = চাঁদমুখ । — কোন সমাস ? ১

৩৭। তদ্ধিত প্রত্যয় কাকে বলে ? ১

৩৮। সাফ + আই = সাফাই । — কোন্ প্রত্যয় ? ১

৩৯। অশুদ্ধি সংশোধন কর : ১+১+১=৩

অশ্রুজ্জ্বল, উপোযোগী, নিমিলিত ।

৪০। কারক–বিভক্তি নির্ণয় কর : ১+১=২

বুলবুলিতে ধান খেয়েছে ।

আমি সেবাসমিতিতে চাঁদা দিয়েছি ।